



পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

আচার্য প্রফুল্চন্দ্র ভবন, ডিকে ৭/১, সেক্টর-২, বিধাননগর, কলকাতা-৭০০ ০৯১

বিশেষ সতর্কীকরণ বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ কর্তৃক আগামী ৩০শে অগস্ট, ২০১৫ বেলা ২টা থেকে Teacher Eligibility Test (TET) পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষায় টেট ২০১২ পরীক্ষার যে সমস্ত অকৃতকার্য পরীক্ষার্থী পুনরায় পরীক্ষায় বসার জন্য Acknowledgement Receipt গ্রহণ করেছেন, যে সমস্ত পরীক্ষার্থী ২০১৪ সালের ব্যাকের বসিদের মাধ্যমে Admit Card গ্রহণ করেছেন এবং ২০১৫ সালে শাঁরা ফর্মের মাধ্যমে নতুন পরীক্ষার্থী হয়েছেন - সব মিলিয়ে সারা রাজ্যের প্রায় ২১লক্ষ পরীক্ষার্থীর ৫,২০০ টি পরীক্ষা কেন্দ্রের মাধ্যমে। এই পরীক্ষা গ্রহণের প্রস্তুতি পর্ষদ ও রাজ্য সরকারের নিবিড় সময়ের মধ্য দিয়ে সুষ্ঠুভাবে পরিচালনার কাজ প্রায় শেষ পর্যায়ে।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু অসাধু ব্যক্তি ও অসাধু চক্র নিজেদের শার্থ চরিতার্থ করতে গিয়ে পরীক্ষার্থীদের বিভ্রান্ত ও প্রতারিত করার চেষ্টা চালাচ্ছে। পর্ষদ এই ঘটনার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষ কোনভাবেই যুক্ত নয়।

এই বিজ্ঞপ্তির মাধ্যমে সকলকে সতর্ক করা হচ্ছে যে, ঘৃষ্ণ দেওয়া ও নেওয়া আইনত দণ্ডনীয় অপরাধ এবং তাঁরা যেন কোনভাবেই এই প্রতারণা চক্রের ফাঁদে পা না দেন। সকলকে নিশ্চিত করা হচ্ছে যে, স্বচ্ছতা এবং সততার সঙ্গে এই পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশের পর যোগ্যতা ও মেধার ভিত্তিতেই নিয়োগ প্রক্রিয়া পরিচালিত হবে। এতদ্বারা যদি কোন ব্যক্তি কোনভাবে জাল নথি, জাল সই এবং প্রশাসনের কোন ব্যক্তির নাম ব্যবহার করে পরীক্ষায় পাশ করিয়ে দেওয়া বা ভুয়ো নিয়োগপত্র পাইয়ে দেওয়ার যে চক্র সক্রিয় আছে, সেই ফাঁদে পা দেন তাঁর দায়িত্ব পর্ষদ প্রশাসন কোনভাবেই গ্রহণ করবে না।

স্বাঃ/-

সচিব

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

তাৎক্ষণ্যে - ০১/০৮/২০১৫